

# NYC পাবলিক স্কুলগুলোতে কী কী ঘটছে

/ এই নথি বা ডকুমেন্টটি বাংলায় দেখুন / عرض هذه الوثيقة باللغة العربية /  
查看本文件的中文版 / Consultez ce document en français / Gade dokiman sa a an kreyòl ayisyen /  
이 문서를 한국어로 보기 / Consulte este documento en español /  
/ Перевод документа на русский язык / دستاویز اردو میں ملاحظہ کریں /  
[schools.nyc.gov/messagesforfamilies](https://schools.nyc.gov/messagesforfamilies)

3 এপ্রিল, 2023

এই পরিবারদের জন্য সর্বসাম্প্রতিক তথ্যে, 2023-এর গ্রীষ্ম বা সামারে শিক্ষা ও সমৃদ্ধির সুযোগসমূহ, এবং 20 এপ্রিলের আগে NYC স্কুল সংক্রান্ত জরিপটি সম্পন্ন করে কীভাবে সন্তানের স্কুলকে গুরুত্বপূর্ণ মতামত প্রদান করা যায় সেবিষয়ে গুরুত্বপূর্ণ তথ্য দেয়া হয়েছে।

## বিষয়সূচি:

- সামার রাইজিং-এর উপরিচিত্র
  - কীভাবে আবেদন করতে হবে
  - ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) এবং 504 প্ল্যান যুক্ত শিক্ষার্থীবৃন্দ
- NYC স্কুল সংক্রান্ত জরিপের সময়মীমা বৃদ্ধি করা হয়েছে

## সামার রাইজিং 2023: কিভারগার্টেন থেকে 8 গ্রেড

### সামার রাইজিং-এর উপরিচিত্র

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) এবং ডিপার্টমেন্ট অভ ইয়ুথ অ্যান্ড কমিউনিটি ডেভেলপমেন্ট (DYCD)-এর অংশীদারিত্বে, সামার রাইজিং এলিমেন্টারি এবং মিডল স্কুল শিক্ষার্থীদের শিক্ষায়তনিক, সামাজিক, ও আবেগজনিত দক্ষতা বৃদ্ধিতে আনন্দময়, সাংস্কৃতিকভাবে প্রাসঙ্গিক, এবং হাতে কলমে শিক্ষা প্রদান করবে। কর্মসূচিতে শিক্ষকমণ্ডলীকে অন্তর্ভুক্ত করা হবে, যাদের নেতৃত্ব দেবেন DOE স্টাফ এবং সমৃদ্ধিমূলক কর্মকাণ্ডের নেতৃত্ব দেবে DYCD কমিউনিটি ভিত্তিক সংগঠনসমূহ (CBOs)।

সামার রাইজিং বিনামূল্যে দেয়া হয় এবং যেকোনো বর্তমান কিভারগার্টেন থেকে অষ্টম (8) গ্রেডের NYC শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত। পরিবারেরা 17 এপ্রিল ও 1 মে-এর মধ্যে [nyc.gov/SummerRising](https://nyc.gov/SummerRising) -এ আবেদন করতে পারবেন। যেসব শিক্ষার্থীর শিক্ষায়তনিক কারণে সামার স্কুল বাধ্যতামূলক, অস্থায়ী আবাসন ও ফস্টার কেয়ার-এ থাকা শিক্ষার্থী, 12-মাসের ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) কাঠামোর অধীন শিক্ষার্থী, এবং শিক্ষা বছরের CBO বা স্কুল কমিউনিটির প্রোগ্রামে স্থানীয়ভাবে সংশ্লিষ্ট থাকা শিক্ষার্থীদেরকে এই বছরের এনরোলমেন্ট বা তালিকাভুক্তির প্রক্রিয়ায় অগ্রাধিকার দেয়া হবে।

কর্মসূচিটি 5 জুলাই শুরু হবে, এবং জুলাই এবং অগাস্ট মাসে প্রতি সোমবার থেকে শুক্রবার, 8:00 a.m. থেকে 6:00 p.m. পর্যন্ত চলবে। শিক্ষার্থীদেরকে ফ্রি ব্রেকফাস্ট, লাঞ্চ ও স্ন্যাক দেওয়া হবে। সকল শিক্ষার্থীদের জন্য সামার রাইজিং ছয় সপ্তাহব্যাপী চলবে, এবং K-5 গ্রেডের শিক্ষার্থীদের জন্য এই সমৃদ্ধিমূলক কর্মসূচি সপ্তম সপ্তাহব্যাপী চলবে। আরো জানতে [nyc.gov/SummerRising](https://nyc.gov/SummerRising) দেখুন।

## কীভাবে আবেদন করতে হবে

17 এপ্রিল থেকে শুরু করে, আপনার সন্তানকে [nyc.gov/SummerRising](http://nyc.gov/SummerRising)-এ তালিকাভুক্ত (এনরোল) করতে, আপনি একটি সামার রাইজিং আবেদন জমা দিতে পারেন। আবেদনপত্রটি আপনার শিক্ষার্থীর নয়-রাশির আইডি (ID) নম্বর চাইবে, যেটা আপনার জানা না থাকলে আপনার স্কুলের কাছ থেকে পেতে পারেন।

পরিবারেরা সর্বোচ্চ 12 প্রোগ্রাম তাদের আবেদনে বেছে নিতে পারবেন এবং তাদের পছন্দের একটি প্রোগ্রামে সুযোগ লাভের সম্ভাবনা বৃদ্ধির জন্য প্রাধান্যক্রম অনুযায়ী যতগুলো সম্ভব প্রোগ্রামকে ক্রমানুসারে উল্লেখ করতে উচিত। তারা অ্যাপ্লিকেশন পোর্টালে (যেখানে আবেদন করবেন) দেওয়া যেকোনো প্রোগ্রাম বা সামার লোকেশন (গ্রীষ্মকালীন অবস্থান) বিকল্প বেছে নিতে পারেন।

এই বছরের প্রক্রিয়াটি আগে গত বছরের চাইতে ভিন্ন, এটা আগে এলে আগে পাবেন ভিত্তিতে নয়। পরিবারসমূহ আবেদনের নির্দিষ্ট সময়সীমার (17 এপ্রিল-1 মে) মধ্যে যেকোনো সময় আবেদন করতে পারবেন। আবেদনের চূড়ান্ত সময়সীমা পার হওয়ার আনুমানিক এক সপ্তাহের মধ্যে পরিবারসমূহ আসন লভ্যতা সাপেক্ষে সামার রাইজিং প্রোগ্রামে অন্তর্ভুক্তির নিশ্চয়তাজ্ঞাপক ইমেইল পাবেন।

যদি আপনার কোনও প্রশ্ন থাকে অথবা সহায়তা প্রয়োজন হয়, তবে আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন অথবা [summer@schools.nyc.gov](mailto:summer@schools.nyc.gov) ঠিকানায় ইমেইল করুন।

## ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) এবং 504 প্ল্যান যুক্ত শিক্ষার্থীবৃন্দ

12-মাস / দীর্ঘায়িত স্কুল বছরের (এক্সটেন্ডেড স্কুল ইয়ার, ESY) কর্মসূচিসমূহ: যেসব শিক্ষার্থী 12-মাস / দীর্ঘায়িত শিক্ষা বছরে (ESY) স্পেশাল ক্লাস অথবা ASD নেস্ট অথবা হরাইজন প্রোগ্রামসমূহে অংশগ্রহণ করছে, তারা কোনও দীর্ঘায়িত শিক্ষা বছর (এক্সটেন্ডেড স্কুল ইয়ার, ESY), ডিস্ট্রিক্ট 75, অথবা ASD সামার প্রোগ্রাম সাইটে তাদের IEP-র সুপারিশ অনুযায়ী পরিষেবা পাবে। যেসব পরিবার সামার রাইজিং-এর মাধ্যমে IEP প্রোগ্রামিং এবং দীর্ঘায়িত-দিবস CBO-পরিচালিত সমৃদ্ধির সুযোগ লাভের আশা করেন (যা পরিচালিত হয় 6 p.m. পর্যন্ত), তাদেরকে অ্যাপ্লিকেশন পোর্টাল ব্যবহার করা উচিত। এসব পরিবার সামার রাইজিং-এর আসন প্রাপ্তিতে অগ্রাধিকার পাবে এবং তারা IEP প্রোগ্রামের সাথে সংযুক্ত করে পরিচালিত CBO প্রোগ্রাম(সমূহ) থেকে বেছে নেবেন।

যদি কোনো পরিবার তাদের সন্তানের জন্য সম্প্রসারিত দিবসে সমৃদ্ধি পেতে না চান, এবং তাদের সন্তান শুধু ASD প্রোগ্রামে (12 p.m. পর্যন্ত) অথবা D75/ESY প্রোগ্রামে (2:30 p.m. পর্যন্ত) অংশগ্রহণ করে, তাহলে পরিবারকে অ্যাপ্লিকেশন পোর্টাল ব্যবহার না করে তাদের সন্তানের স্কুলে যোগাযোগ করতে হবে।

**বিশেষ সুবিধা ব্যবস্থা:** যেসব শিক্ষার্থীর সামার রাইজিং-এ অংশগ্রহণের জন্য সহায়তা প্রয়োজন, যেমন একজন প্যারাপ্রফেশনাল অথবা নার্স, তারা তাদের স্বতন্ত্র চাহিদার ভিত্তিতে সহায়তা পাবে।

## NYC স্কুল সংক্রান্ত জরিপের সময়সীমা বৃদ্ধি করা হয়েছে

আপনি যদি আপনার NYC স্কুল সংক্রান্ত জরিপটি ইতোমধ্যে পূরণ না করে থাকেন, তবে আপনি 20 এপ্রিলের মধ্যে তা করতে পারেন! আপনার সন্তানের স্কুলটিকে শেখার আরো উত্তম পরিবেশ হিসেবে গড়ে তোলার জন্য আপনার মতামত জমা দিতে এবং স্কুলের নেতৃত্বদ্বন্দকে সহায়তা করতে, [NYCSchoolSurvey.org](http://NYCSchoolSurvey.org) দেখুন, অথবা [schoolsaccount.nyc](http://schoolsaccount.nyc) সাইটে আপনার NYC স্কুলস্ অ্যাকাউন্টে (NYCSA) লগ ইন করুন।